

নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১০

২০১০ সনের ২৯ নং আইন

[১৬ জুন, ২০১০]

২০১০ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ২০১০ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনাম

১। এই আইন "নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১০" নামে অভিহিত হইবে।

২০০৯-২০১০ অর্থ
বৎসরের জন্য
সংযুক্ত তহবিল
হইতে
১১৯৮৭,৮০,৮৭,০
০০ টাকা প্রদান

২। ২০১০ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যে সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এগার হাজার নয় শত সাতাশি কোটি আশি লক্ষ সাতাশি হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১০ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ	অনধিক টাকা		
	হিসাবের প্রধান খাতসমূহ	সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
	রাষ্ট্রপতির কার্যালয়	১,৯৭,৬৭		১,৯৭,৬৭
	জাতীয় সংসদ	১৩,৭২,৪৫	- ১,৯৭,০০	১১,৭৫,৪৫
০২	প্রধানমন্ত্রীর কার্যালয়	০	১৪,১১,৭৭	১৪,১১,৭৭
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ	০	১০,৫৩,৬৭	১০,৫৩,৬৭
০৫	সংস্থাপন মন্ত্রণালয়	০	৭৪,১০,৪৮	৭৪,১০,৪৮
	অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়	৫,৭৭,৮৫	০	৫,৭৭,৮৫
০৮	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	০	৫৭,২৭,১৫	৫৭,২৭,১৫
৫০	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	২৭০,০৫,৫৪	২৭০,০৫,৫৪
০৯	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৫৪,০০,০০	৪৯,৫৩,০২	১০৩,৫৩,০২
১৩	পররাষ্ট্র মন্ত্রণালয়	০	১৮৪,০০,১২	১৮৪,০০,১২
১৪	প্রতিরক্ষা মন্ত্রণালয়	- ২২,৭৭,৪৯	৮২৩,১৫,২৯	৮০০,৩৭,৮০
১৬	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০	৪২০,৫৩,১৭	৪২০,৫৩,১৭
৫১	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০	৫,৩৩,৪৪	৫,৩৩,৪৪
১৭	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	০	২৩১,২৪,৬৬	২৩১,২৪,৬৬
১৮	শিক্ষা মন্ত্রণালয়	০	১৫৫৫,৯৮,২৫	১৫৫৫,৯৮,২৫
২৩	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	২৫,২৪,১৫	২৫,২৪,১৫
২৪	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	০	৩৭,৪৮	৩৭,৪৮
২৫	তথ্য মন্ত্রণালয়	০	৫৮,৬০,৮২	৫৮,৬০,৮২
২৬	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	০	৪,৫২,৫৪	৪,৫২,৫৪
২৭	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	৮২,১৮,৪৮	৮২,১৮,৪৮
২৮	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	১৬০,৩৯,৫২	১৬০,৩৯,৫২
২৯	স্থানীয় সরকার বিভাগ	০	২৭৮,৩৮,৩৪	২৭৮,৩৮,৩৪

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নম্বর	কার্য ও উদ্দেশ্যসমূহ	অনধিক টাকা		
	হিসাবের প্রধান খাতসমূহ	সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
৩০	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	৭৮,০৮,০৪	৭৮,০৮,০৪
৩১	শিল্প মন্ত্রণালয়	০	১,৯৭,৭৫	১,৯৭,৭৫
৩২	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৮৫,৩২,৫৭	৮৫,৩২,৫৭
৩৩	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	০	৩৯৩,০৫,২৭	৩৯৩,০৫,২৭
৩৪	কৃষি মন্ত্রণালয়	০	৭৩১,৯৬,৫৬	৭৩১,৯৬,৫৬
৩৫	মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়	০	৮,২০,০৬	৮,২০,০৬
৩৬	পরিবেশ ও বন মন্ত্রণালয়	০	৫৭৪,৫৯,১৯	৫৭৪,৫৯,১৯
৩৭	ভূমি মন্ত্রণালয়	০	২৮,৪২,৮১	২৮,৪২,৮১
৩৮	পানি সম্পদ মন্ত্রণালয়	০	৪৬৯,১৮,৪৩	৪৬৯,১৮,৪৩
৫২	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ	০	৪৮৯৪,১৫,৯৩	৪৮৯৪,১৫,৯৩
৪০	সড়ক ও রেলপথ বিভাগ	০	১৭৫,৫২,৯৮	১৭৫,৫২,৯৮
৪৩	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	০	৮৮,০৬,৯২	৮৮,০৬,৯২
৪৪	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	৭২,৩৮,৩০	৭২,৩৮,৩০
	সুপ্রীম কোর্ট	১৭,২০,৭৯	০	১৭,২০,৭৯
৪৭	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০	১২,৩৬,৩৮	১২,৩৬,৩৮
৪৮	দুর্নীতি দমন কমিশন	০	৬৯,৪৮	৬৯,৪৮
	কর ন্যায়পাল কার্যালয়	২৮,০৪	০	২৮,০৪
	মোট মঞ্জুর ও বরাদ্দের দাবী	৭০,১৯,৩১	১১৯১৭,৬১,৫৬	১১৯৮৭,৮০,৮৭